054

# মহাবিক্ষোভের প্রথম দিনে

### ডেমোক্রেটিক লীগ

গতকাল (বৃহস্পতিবার) প্রাথমিক শিক্ষকদের সমর্থনে নগর ডেমোক্রেটিক লীগের উদ্যোগে রমনা টেলিগ্রাফ ভবনের সম্মুখে একটি পথসভা অনুষ্ঠিত হয়।

সভায় বক্তাগণ প্রাথমিক শিক্ষকদের দাবীর ব্যাপারে সরকারী কার্যকলাপের তীব্র সমালোচনা করিয়া শান্তিপূর্ণ উপায়ে শিক্ষকদের দাবী মানিয়া লওয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানান।

নগর ডেমোক্রেটিক লীগের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বক্তৃতা করেন নগর শাখার সাধারণ সম্পাদক এডভোকেট আবদুল মান্নান, গণতান্ত্রিক ছাত্রলীগের সাধারণ সম্পাদক জনাব মজিবুর রহমান প্রমুখ।

### ইউ. পি. পি.

ইউনাইটেড পিপলস পার্টি প্রাথমিক শিক্ষকদের দাবী মানিয়া নেওয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানাইয়াছেন। ইউপিপি নেতৃবৃন্দ প্রাথমিক শিক্ষকদের সমর্থনে গতকাল (বৃহস্পতিবার) বায়তুল মোকাররম প্রাঙ্গণে আয়োজিত শিক্ষক জন-সমাবেশে বক্তৃতাদানকালে বলেন, আগামী ২৪ ঘণ্টার মধ্যে দাবী মানা না হইলে প্রগতিশীল গণতান্ত্রিক শক্তি সমন্বয়ে ইউপিপি হরতাল, ঘেরাও ও সর্বাত্মক আন্দোলন শুরু করিবে। শিক্ষকদের সহিত সরকার বিশ্বাসঘাতকতা করিয়াছেন এবং শিক্ষকদের বিভ্রান্ত করার জন্য ভিন্ন বক্তব্য প্রচার করা হইতেছে।

এই সমাবেশে দলের চেয়ারম্যান কাজী জাফর আহমদ বলেন: "আমি শিক্ষামন্ত্রী থাকাকালীন এই ঘৃণিত প্রস্তাবটি আমার নিকট পেশ করা হইয়াছিল। কিন্তু আমি উহা প্রত্যাখ্যান করি। পরে উহা পাস করা হইয়াছে।" তিনি বলেন, শিক্ষকরা বেতন/ভাতা চাহিলে বলা হয় অর্থ নাই। কিন্তু কোটি কোটি টাকা ব্যয় করিয়া কিভাবে গ্রাম সরকার প্রধান সম্মেলন ও হিজবুল বহরে সমুদ্র ভ্রমণ করা সম্ভব হয়?

### জাসদ

প্রাথমিক শিক্ষকদের দাবীর প্রতি একাত্মতা ঘোষণা করিয়া জাতীয় সমাজতান্ত্রিক দলের উদ্যোগে গতকাল সন্ধ্যায় এক মশাল মিছিলের আয়োজন করা হয়।

শিক্ষকদের দাবী মানিয়া লওয়ার আহ্বান জানাইয়া দলের পক্ষ হইতে আজ (শুক্রবার) অপরাহ্নে বায়তুল মোকাররম প্রাঙ্গণে এক জনসভার আয়োজন করা হইবে বলিয়া জানান হয়।

প্রাথমিক শিক্ষকদের সমর্থনে ওয়ার্কার্স পার্টি, গণতান্ত্রিক পার্টি, সিপিবি, ভাসানী গ্রুপ পথসভার আয়োজন ও বিবৃতি প্রদান করে।

### গণতান্ত্রিক কর্মী শিবির

ওয়াসা কর্তৃপক্ষ প্রাথমিক শিক্ষকদের পানি সরবরাহ করিতে অস্বীকার করার প্রতিবাদে গণতান্ত্রিক কর্মী শিবিরের প্রধান জনাব নূরুল হক মেহেদী আজ (শুক্রবার) সকাল ৭টা হইতে বায়তুল মোকাররম প্রাঙ্গণে অনশন ধর্মঘট শুরু করিবেন।